

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮১২

১/ বিবিধ

আরবী

يا عائشة! أما تعلمين أن الله زوجني في الجنة مريم بنت عمران، وكلثم أخت موسى،
وامرأة فرعون
منكر

رواه أبو الشيخ في " التاريخ " (ص 288) بسند صحيح عن أبي الربيع السمطي: حدثنا
عبد النور بن عبد الله بن سنان عن يونس بن شعيب عن أبي أمامة مرفوعاً. ذكره من
حسان حديث أبي عبيد الله محمد بن أحمد بن عمرو الأبهري. ورواه العقيلي في "
الضعفاء " (469) عن إبراهيم بن عرعة: حدثنا عبد النور به
وقال: " يونس بن شعيب حديثه غير محفوظ، قال البخاري: منكر الحديث ". وقال ابن
عدي كما في اللسان: " هذا الحديث هو الذي أنكره عليه البخاري
قلت: لكن الراوي عنه مثله أو شر منه، فقد قال فيه الذهبي: " كذاب ". ثم اتهمه بوضع
الحديث. لكن الحديث أورده السيوطي في " الجامع " من رواية الطبراني في " الكبير "
عن سعد بن جنادة وقال المناوي: " قال الهيثمي: فيه من لم أعرفه

বাংলা

৮১২। হে আয়েশা তুমি কি জানো না যে, আল্লাহ তা'আলা জান্নাতের মধ্যে আমাকে মারিয়াম বিনতু ইমরান, মূসার বোন কুলসুম এবং ফেরাউনের স্ত্রীর সাথে বিয়ে দিয়ে দিবেন।

হাদীছটি মুনকার।

এটি আবুশ শাইখ "আত-তারীখ" (পৃঃ ২৮৮) গ্রন্থে সহীহ সনদে আবুর রাবী' আস-সামতী হতে তিনি আব্দুন নূর ইবনু আবদিল্লাহ হতে তিনি ইউনুস ইবনু শুয়ায়িব হতে ... বর্ণনা করেছেন।

উকায়লী হাদীছটি "আয-যোয়াফা" (৪৬৯) গ্রন্থে ইবরাহীম ইবনু আর'আরা সূত্রে আব্দুন নূর হতে ... বর্ণনা করে বলেছেনঃ ইউনুস ইবনু শুয়ায়িবের হাদীছ নিরাপদ নয়। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। ইবনু আদী বলেন (যে রূপ "আল-লিসান" গ্রন্থে এসেছে) তার এ হাদীছটিকেই ইমাম বুখারী ইনকার করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী (আব্দুল্লাহ ইবনু সিনান) তার ন্যায় বা তার চেয়েও নিকৃষ্ট। তার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তিনি মিথ্যুক। অতঃপর তাকে হাদীছ জালকারী হিসাবে দোষারোপ করেছেন। সা'আদ ইবনু জানাদাহ হতে ... বর্ণনা করেছেন। মানবী বলেনঃ হাযছামী বলেছেনঃ তাতে এমন বর্ণনাকারী আছেন, যাকে আমি চিনি না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71691>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন